কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
(অস্থায়ী ক্যাম্পাস: গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ)
ফোন: +৮৮ ০১৫ ৫২৩৯ ৬৪২৬
www.kiu.ac.bd

তারিখ: ০৪ সেপ্টেম্বর, ২০২৫

# শোক বার্তা

অত্যন্ত দুঃখ ও বেদনার সাথে জানানো যাচ্ছে যে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার অধ্যাপক মো: ইমান আলী স্যারের কনিষ্ঠ পুত্র, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ৬৭তম ব্যাচের শিক্ষার্থী, আমাদের পরম স্নেহধন্য, ইফতেখারুল ইসলাম ফামিন গত রাতে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সদা হাস্যোজ্জ্বল তরুণ ফামিন পরোপকারী, নিষ্ঠাবান ও সুন্দর মনের মানুষ হিসেবে পরিচিত ছিলেন। শিক্ষাজীবনেও তাঁর মেধার স্বাক্ষর রেখে চলেছিলেন তিনি। তাঁর অকালমৃত্যু তাঁর পরিবার-পরিজন, বন্ধু-বান্ধব এবং দেশ-সমাজের জন্য অপূরণীয় ক্ষতি।

মাননীয় উপাচার্য ও মাননীয় উপ-উপাচার্যসহ কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় পরিবার ইফতেখারুল ইসলাম ফামিনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় মরহুমের আত্মার মাগফিরাত কামনা করছে এবং সাথে সাথে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

০৪/০৯/২০২৫
নায়লা ইয়াসমিন
রেজিস্ট্রার
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়